

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ

নং-২০.০০.০০০০.৩০৯.০২.০০৪.১৯-৩০৬

তারিখঃ ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ  
০৫ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ

প্রাপকঃ  
চেয়ারম্যান  
রাষ্ট্রবিজ্ঞান বিভাগ  
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**বিষয়ঃ এমফিল গবেষণার বিপরীতে গৃহীত অর্থ ফেরৎ প্রদান।**

**গবেষণার শিরোনামঃ "নারীর রাজনৈতিক ক্ষমতায়নঃ বাংলাদেশের জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসন বিষয়ক পর্যালোচনা"-শীর্ষক এমফিল গবেষণা।**

মহোদয়,

আপনার সানুগ্রহ দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানাচ্ছি যে, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের অর্থায়নে পরিচালিত উপরোল্লিখিত শিরোনামের গবেষণাটি ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকায় পরিচালনা করার জন্য বিগত ২৮/০২/২০০৬খ্রি: তারিখে বেগম সুকান্ত করিম (এমফিল গবেষক, ২০০২-২০০৩ শিক্ষাবর্ষ), রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা এর সাথে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের চুক্তিনামা স্বাক্ষরিত হয়। চুক্তিনামা অনুযায়ী গবেষণার মেয়াদ ১২ (বার) মাস বিধায় ২৭/০২/২০০৭খ্রি: তারিখে চুক্তির মেয়াদ উত্তীর্ণ হয়।

০২। ইতঃপূর্বে তিনি চুক্তিনামা অনুযায়ী ১ম কিস্তি, ২য় কিস্তি ও ৩য় কিস্তি বাবদ সর্বমোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা গ্রহণ করেছেন। চুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও এ পরিষদে প্রয়োজনীয় কাগজাদিসহ চূড়ান্ত প্রতিবেদন জমা দেননি বা গবেষণার কাজ শেষ করেননি বা কোন যোগাযোগও করেননি। এমতাবস্থায়, চুক্তিনামার শর্তাবলীর 'ঙ' ও 'ছ' উপঅনুচ্ছেদ মোতাবেক গৃহীত ১ম কিস্তি, ২য় কিস্তি ও ৩য় কিস্তি বাবদ সর্বমোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিয়ে চালানের মূল কপি সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ কার্যালয়ে উক্ত টাকা ফেরত প্রদানের জন্য গত ২৮/০৭/২০১৩খ্রি: তারিখের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০০৪.২২.১৩-৩৮৪, ১৪/১২/২০১৬ খ্রি: তারিখের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.৫০১.১৬-১০৫৩ এবং ১২/০২/২০১৭খ্রি: তারিখের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.৫০১.১৬-১১৭ এর মাধ্যমে অনুরোধ করা হয়েছিল। এ পরিপ্রেক্ষিতে তার নিকট থেকে উক্ত টাকা ফেরৎ পাওয়া যায়নি বা তিনি কোন জবাব প্রদান করেননি। এছাড়া তার ঠিকানা থেকে প্রেরিত চিঠি ফেরত পাওয়া যায়। পরবর্তীতে তার সাথে ফেসবুকে যোগাযোগ করা হলে তিনি জানান যে, বর্তমানে তিনি মালয়েশিয়া আছেন। শীঘ্রই দেশে ফিরতে পারছেন না। তবে কাউকে পাঠিয়ে তিনি কাগজপত্র জমা দিবেন মর্মে জানিয়েছেন। কাগজপত্র না পাওয়ায় তার সাথে পুনরায় ফেসবুকের মাধ্যমে যোগাযোগ করা হলে তিনি জানান, সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে বিষয়টি জানিয়েছেন। তারা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। তিনি দেশের বাইরে থাকায় এ মুহর্তে সহযোগিতা করা সম্ভব নয়।

০৩। এমতাবস্থায়, বেগম সুকান্ত করিম, (এমফিল গবেষক, ২০০২-২০০৩ শিক্ষাবর্ষ), রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা এর সমাপ্তকৃত এমফিল থিসিস, সার্টিফিকেট, সিন্ডিকেট সভার সিদ্ধান্তের কপিসহ এ সংক্রান্ত অন্যান্য কাগজাদি পরিকল্পনা বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করছি। উল্লেখ্য উক্ত কাগজাদি পাওয়া গেলে বিষয়টি নিষ্পত্তি করা সম্ভব হবে।


আপনার বিশ্বস্ত  
  
১৭/০২/২০১৯  
(মোঃ লুৎফর রহমান)  
গবেষণা কর্মকর্তা  
ফোনঃ ৯১৮০৭৯৭

নং-২০.০০.০০০০.৩০৯.০২.০০৪.১৯-৩০৬

তারিখঃ ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ  
০৫ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপসচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।  
(Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব-৫ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বেগম সুকান্ত করিম (এমফিল গবেষক, ২০০২-২০০৩ শিক্ষাবর্ষ), রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। জামানতকারী ডা: আমিন মো: কামরুল আলম, সহকারী রেজিস্ট্রার, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট হাসপাতাল, গেরেবাংলা নগর, ঢাকা।

  
১৭/০২/২০১৯  
(মোঃ লুৎফর রহমান)  
গবেষণা কর্মকর্তা